চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

যারা পবিত্র ধর্ম ইসলামকে অধর্মের কাজে ব্যবহার করে তারা প্রকৃত মুসলমান নয় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জনকল্যাণ এবং ধর্মীয় কাজে কোন ধরনের দলীয় বিভাজন থাকতে পারে না । যারা পবিত্র ধর্ম ইসলামকে অধর্মের কাজে ব্যবহার করে তারা প্রকৃত মুসলমান নয়। মেয়র বলেন, আসন্ন পবিত্র রমজানে রোজাদারদের যাতে কষ্ট না হয় সে দিকে নজর রেখে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনা করতে হবে। বাসী-ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ কোন পণ্যসামগ্রী বাজারজাত করে মুনাফা অর্জনের লক্ষে রোজাদারদের কষ্ট দেয়া হলে আল্লাহতায়ালা তা সহ্য করবে না। ২৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, বিকেলে নগরীর লালখান বাজার ওয়ার্ডে শহীদনগর সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী নাগরিক সমাবেশে মেয়র এ সব কথা বলেন। নাগরিক সমাবেশে সভাপতিত্ব করেন ১৪নং ওয়ার্ড কাউন্সিলর এ এফ কবির আহম্মদ মানিক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ পুলিশ কমিশনার মো. আবদুল ওয়ারিশ, ২৭নং ওয়ার্ড কাউন্সিলর ও আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এইচ এম সোহেল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, সমাজসেবক গাজী মাহমুদ ইমাম বিলু, খুলশী থানা আওয়ামীলীগের যুগ্ম আহবায়ক মমিনুল হক, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সিদ্দিক আহম্মদ, সাধারণ সম্পাদক দিদারুল আলম মাসুম, খতিব আবুল বশর, শিক্ষক কমলেষ ধর, খতিব মোক্তার আমিন, আবদুচ ছালাম, কেন্দ্রীয় ছাত্রনেতা সনেট চক্রবর্ত্তী, আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ নেতা ওয়ারিশ উদ্দিন ও ছাত্রনেতা দীন ইসলাম বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, ইসলাম শান্তি ও সাম্যের ধর্ম। এ ধর্মে জঙ্গীবাদের কোন স্থান নেই। যারা জঙ্গীবাদে লিপ্ত তাদেরকে চিহ্নিত করে আইনের হাতে সোপর্দ করতে হবে। মেয়র বলেন, মাদক বর্তমানে যুব সমাজকে ধ্বংস করছে। মাদক সেবনের কারণে পরিবার, সমাজ ও দেশে তাদের কোন ঠাই নেই। ঘৃণিত এ মাদক সেবন থেকে যুব সমাজকে রক্ষা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন সচেতনতামূলক প্রচারভিযান পরিচালনা করছে। তিনি দল-মত-ধর্ম-বর্ণ-গোত্র-সম্প্রদায় নির্বিশেষে সকলকে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহবান জানান।

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

ডাস্টবিন হলো বাগান উদ্বোধন করলেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ডাস্টবিন তুলে বাগান করার কর্মসূচি বাস্তবায়ন করছে। তারই ধারাবাহিকতায় নগরীর ২৯নং ওয়ার্ডে কলেজিয়েট স্কুলের পশ্চিম দেয়ালের পাশে তুলে দেয়া ডাস্টবিনকে বাগানে পরিনত করা হয়। বর্তমানে পুরো দেয়ালটি বাগানে উন্নিত করা হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ২২ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, রাতে মুনাজাতের মধ্য দিয়ে দৃষ্টিনন্দন সৌন্দর্যবর্ধনকারী বাগান উদ্বোধন করেন। এ সময় স্থানীয় কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের, ক্লাব সভাপতি মো. শাহআলম, সিনিয়র সহ সভাপতি আমিনুল ইসলাম মুন্না, মো. আলমগীর, সাধারণ সম্পাদক শফিকুল আলম জুয়েল, যুগ্ম সম্পাদক মোশাররফ হোসেন লিটন, সাংগঠনিক সম্পাদক রাশেদ খান, পারভেজ রহমান জনি, সাজ্জাদ মাহমুদ রাসেল, শাহরিয়ার হাসান, আলাউদ্দিন ভূইয়া, সাইমন আহমেদ সাহেদ, রাশেদ, জনি, অভি, ইমন, জনি, নয়ন, আসিফ, মঞ্জু, সঞ্জিব, খোকন মারুফ, সোহেল, আবু সৈয়দ সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে আন্তর্জাতিক কমিটি অব দ্যা রেডক্রস এর প্রতিনিধিদের সৌজন্য সাক্ষাত

২৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে আন্তর্জাতিক কমিটি অব দ্যা রেডক্রস এর প্রতিনিধি ইঞ্জিনিয়ার Nirjhar Areug ও Rose Banos সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে তারা চট্টগ্রাম জেলখানায় পানির লাইন দেয়ার বিষয়ে মেয়রের সহযোগিতা চান। মেয়র তাদেরকে সব ধরণের সহযোগিতা দেয়ার আশ্বাস দেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে ইউএনডিপি’র কান্ট্রি ডিরেক্টর এর সৌজন্য সাক্ষাত

২৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ইউএনডিপি’র কান্ট্রি ডিরেক্টর সুদীপ্ত মুখার্জী, আরবান প্রাইমারী এনালাইসিস আশিকুর রহমান, সহকারী কান্ট্রি ডিরেক্টর সাহেলা খান সৌজন্য সাক্ষাত করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, স্থপতি এ কে এম রেজাউল করিম, এনইউপিআরপি’র টাউন ম্যানেজার ড. সোহেল ইকবাল উপস্থিত ছিলেন। সৌজন্য সাক্ষাতে দারিদ্র বিমোচনে ইউএনডিপি’র ৬ বছর মেয়াদী কার্যক্রমের বিশদ ব্যাখ্যা মেয়র বরাবরে উপস্থাপন করেন। মেয়র চট্টগ্রাম নগরীর দরিদ্র জনগোষ্ঠী ও পাহাড়ের

পাদদেশে বসবাসকারীদের একটি চিত্র ইউএনডিপি'র প্রতিনিধির নিকট তুলে ধরেন। তিনি দারিদ্র বিমোচনে ইউএনডিপি'র কার্যক্রমের প্রশংসা করেন।

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম মহানগর এলাকায় বিশ্ব টিকাদান সপ্তাহ ২৪-৩০ এপ্রিল পালিত হবে

"কার্যকর টিকা, সকলের সুরক্ষা" এ প্রতিপাদ্য সামনে নিয়ে চট্টগ্রাম মহানগর এলাকায় ২৪ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত বিশ্ব টিকাদান সপ্তাহ পালিত হবে। এ উপলক্ষে ২৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার দুপুরে নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি ছিলেন। এতে সভাপতিত্ব করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা। স্বাগত বক্তব্য রাখেন প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। স্বাস্থ্য কর্মকর্তা মোহাম্মদ আলীর উপস্থাপনায় অনুষ্ঠিত এ্যাডভোকেসী সভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার ডা. মো. আরাফাত উল আলম জাতীয় বিশ্ব টিকাদান বিষয়ে ¯øাইড শো উপস্থাপন করেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ডাক্তার, টিকাদানের সংশ্লিষ্ট কর্মকর্তা ও এনজিও কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ১৯৮৮ সন থেকে রুটিন টিকাদান কার্যক্রম অত্যন্ত সফলতার সাথে পরিচালনা করে আসছে। যার ফলে ২০১৫ সনে Highest Improvmen Award অর্জন করেছেন। তিনি বলেন, ১০ রোগের জন্য এ টিকা দেয়া হবে। টিকার ফলে যক্ষা, পোলিও মাইলাইটিস, ডিপথেরিয়া, হুপিং কাশি, ধনুষ্টংকার, হেপাটাইটিস-বি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা-বি জনিত রোগ সমূহ, হাম, রুবেলা ও নিউমোকক্কাল জনিত নিউমোনিয়া প্রতিরোধ করা সম্ভব হবে। ০ থেকে ১১ মাস বয়সী শিশু, ১৫ থেকে ১৮ মাস বয়সী সকল শিশু, ১৫ বছর বয়সী সকল কিশোরী এবং ১৫ থেকে ৪৯ বছর বয়সের সন্তান ধারণক্ষম সকল মহিলা টিকাদান কর্মসূচির আওতায় আসবে। নির্দিষ্ট সময়ের বাহিরেও বস্তিতে এবং সন্ধ্যাকালে টিকা দেয়া হবে। মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৭টি ইপিআই জোনের আওতায় ১০টি স্থায়ী এবং ৩৪৭টি অস্থায়ী কেন্দ্রে ইপিআই কর্মসূচি পালিত হবে। তিনি আরো বলেন, চলতি বছরে ০ থেকে ১ বছরের শিশু প্রায় ৯০ হাজার ৪ শত ৫৯ জন এবং ১৫ বছর বয়সী কিশোরী প্রায় ৩৯ হাজার ৯ শত ৪০ জন টিকা কর্মসূচির আওতায় আসার সম্ভাবনা আছে। ইপিআই কর্মসূচি সফল করতে তিনি সংশ্লিষ্টদের আহবান জানান।

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

সৎ ভাবে ব্যবসা করে জনকল্যানে অবদান রাখতে হবে--সিটি মেয়র

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ব্যবসা হালাল জিনিস। আল্লাহর নবীজীও ব্যবসা করেছেন।সৎ ব্যবসা করে জীবন জীবিকা নির্বাহ করা ইসলামের নৈতিক শি¶া। আমাদের সমাজে অনেকেই আজ বৈধ ব্যবসার আড়ালে অবৈধ ব্যবসা বাণিজ্য করে রাতারাতি বড়লোক হওয়ার প্রতিযোগিতায় মেতে উঠেছে।

মাদকসহ নানা ধরণের নিষিদ্ধ ওষুধ বিক্রি করে অনেকেই মোটা টাকার পাহাড় গড়ে তুলেছে।আবার কেউ কেউ নকল,ভেজাল বা মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রির সাথেও জড়িত থেকে জনগণের সাথে প্রতারণা করে যাচ্ছে।মানুষের জীবন নিয়ে হোলি খেলায় মেতে উঠেছে। ওষুধ ব্যবসা সুস্থ,সুন্দর ব্যবসা। সহী উপায়ে এই ব্যবসা করে জনকল্যাণে অবদান রাখা যায়। ওষুধ ব্যবসায়ীদেরকে এই মানসিকতা ধারণ করতে হবে। ওষুধ একজন রোগীর জীবন বাঁচায় আবার জীবন ধ্বংসও করতে পারে। ২৩ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, বিকেলে পুরাতন গীর্জাস্থ একটি কমিউনিটি সেন্টারে বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতি চট্টগ্রাম জেলার উদ্যোগে কোতোয়ালি থানা কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন একথা বলেন। কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি সমীর কান্তি সিকদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম ওষুধ প্রশাসন সহকারি পরিচালক মোজাম্মেল হোসেন, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর জহর লাল হাজারী, সলিমউল্লাহ বাচ্চু, হাসান মুরাদ বিপ্লব, ইসমাইল বালী,হাজী নুরুল হক, ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক মোজাম্মেল হোসেন, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক শুকলাল দাশ ও ড্রাগ সুপার গুলশান জাহান। অনুষ্ঠান পরিচালনা করেন শিবু প্রসাদ দাশ। আরো বক্তব্য রাখেন বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি চট্টগ্রাম জেলার সাধারণ সম্পাদক লায়ন আশীষ ভট্টাচার্য, স্বপন কান্তি বিশ্বাস, এম ইলিয়াছ আলী, বিপুল দাশ, শীমুল ভট্টাচার্য, উত্তম ভক্ত, শিমুল বড়–য়া, নুরুল আলম, সজল মিত্র, সাইফুল ইসলাম, খবিরুল ইসলাম, মাহবুবুল আলম, নূরে আলম সিদ্দিকী, মো. ইউনুস, প্রশান্ত পান্ডে, লেয়াকত আলী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজনীতিক বেলাল আহমেদ, দিদারুল আলম, মো. আইয়ুব, নুরুল গনি, জাকির হোসেন, মহসিন উদ্দিন, বাবু লাল, অশোক দাশ, লিয়াকত আলী। অনুষ্ঠান শেষে মো. নাছির উদ্দীনকে সভাপতি, সিনিয়র সহ সভাপতি তাপস দাশ ও সাধারণ সম্পাদক প্রশান্ত কুমার প্রান্ডের নাম ঘোষনা করে ১৭সদস্য বিশিষ্ট কোতোয়ালী থানা উপ কমিটিরগঠিত হয়।

চট্টগ্রাম- ২৩ এপ্রিল ২০১৮ খ্রি.

চলমান মেধা বৃত্তি চট্টগ্রাম নগরের ৪১টিওয়ার্ডে চালু করা হবে

------আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আজকের মেধাবী শিক্ষার্থীদের উপর দেশ ও জাতির আশা আকাংখা নির্ভর করে। কারণ আধুনিক বিশ্বে টিকে থাকতে হলে মেধার কোন বিকল্প নেই। তিনি বলেন, চলমান মেধা বৃত্তি চট্টগ্রাম নগরের ৪১টি ওয়ার্ডে চালু করা হবে। এর ফলে মেধাবী শিক্ষার্থীরা শিক্ষায় অনুপ্রাণিত হবে। ২২ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, রাতে স্বাধীনতা পার্কে আ জ ম নাছির উদ্দীন শিক্ষা পরিষদ আয়োজিত মেধা বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে এ সব কথা বলেন। অনুষ্ঠান সভাপতিত্ব করেন আ জ ম নাছির শিক্ষা পরিষদের সভাপতি ও বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সহ সম্পাদক ফয়সাল বাপ্পী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা প্রশাসক ইলিয়াস হোসেন, জাতীয়

শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সফর আলী, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের নেতা মো. ইছা। শুভেচ্ছা বক্তব্য রাখেন সানিমুল হুদা শামিম, তুষার সম্পদ। উপস্থিত ছিলেন মহানগর আওয়ামীলীগ নেতা মঞ্জুর হোসেন, ডা. তিমির বরণ চৌধুরী, পূর্ব ষোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সামশুল আলম, রায়হান ইউসুফ, কেন্দ্রীয় যুবলীগের সাবেক সদস্য আবদুল মান্নান ফেরদৌস, কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ, হাসান মুরাদ বিপ্লব, আশরাফুল আলম, চট্টগ্রাম প্রেস ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ, কেন্দ্রীয় যুবলীগের সদস্য কে এম শহিদুল কাউসার, মিনহাজুল আবেদীন সায়েম, এম এ মহিউদ্দিন, নঈমউদ্দিন খান, এম এ মান্নান শিমুল, আবদুল রশিদ লোকমান, সাংবাদিক লতিফা আনসারী লুনা ও মোহরম হোসেন, সংগঠনের সদস্যবৃন্দের মধ্যে রেজাউল আলম রনি, দিদারুল আলম দিদার, মিজানুর রহমান, হেমায়েতুল ইসলাম মুন্না, নোমান জিহাদ, আবদুল্লাহ আল সুমন, নবী আলম সাহেল, রিদোয়ান ইসলাম, সালাউদ্দিন রকি, ইমরান হোসেন হৃদয়, আবদুল্লাহ এ কে খান, ইয়াছিন আরাফাত নিষ্টু, বিশ্বজিৎ সেন, মোহাম্মদ রাজিব, মোহাইমিনুল ইসলাম শুভ, শাহী ইমরান রাজু, নুরউদ্দিন, মো. জাহাঙ্গীর, মো. কামাল, রুবেল হোসেন, ইফতেখারুল আলম সাজ্জাদ, রাফি, জুয়েল, সজিব সোহান ও রোকন প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ৩য় থেকে ৯ম শ্রেণি পর্যন্ত মোট ৯১জন মেধাবী শিক্ষার্থীর হাতে মেধা বৃত্তির প্রাইজবন্ড, সনদ, ক্রেস্ট ও স্মরণীকা তুলে দেন প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন